দৈনিক বাংলা

তারিখ ২৭।৪।৮১
পৃষ্ঠা ... কলাম ...

৩৪৫

C10

# এবার শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস—

(নিজস্ব সংবাদদাতা)

নরসিংদী, ২৬শে এপ্রিল।— প্রশ্নপত্র ফাঁস হওয়ায় আজ নরসিংদী মহকুমার প্রাথমিক শিক্ষক নিয়োগ বাতিল হয়েছে। পরীক্ষা আজ সকাল ১০টায় নরসিংদী সরকারী কলেজে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। মহকুমায় প্রাথমিক শিক্ষকের ২০৯টি শূন্য পদে নিয়োগের জন্য এ পরীক্ষা নেয়া হচ্ছে। ১২০৪ জন শিক্ষক ও শিক্ষিকা পরীক্ষা কেন্দ্রে উপস্থিত ছিলেন।

প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে পরীক্ষা প্যানেল কমিটির চেয়ারম্যান সংসদ সদস্য জনাব শহীদুল্লাহর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান তার হাতে সকাল সাড়ে ৯টায় একটা হাতে লিখা প্রশ্নপত্র আসে। মুদ্রিত প্রশ্নপত্রের সাথে মিলিয়ে দেখেন শতকরা ৮০ ভাগ প্রশ্নই মিলে যায়। তাই পরীক্ষার সুষ্ঠু পরিবেশ এবং সত্যিকার মেধা যাচাইয়ের স্বার্থে তিনি আজ এ পরীক্ষা বাতিল করেছেন। আগামীকাল বেলা ২টায় আবার পরীক্ষা নেয়া হবে।

প্রশ্নপত্র ফাঁসের কারণ জানতে চাওয়া হলে তিনি কিছু বলতে পারেননি। তবে বলেন ফাঁসের কারণ অনুসন্ধানে তদন্ত কমিটি করা হবে। পরীক্ষা বাতিল হলেও অপ্রীতিকর কিছু ঘটেনি।